রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**সোমবার, ফেব্রুয়ারি ১৮, ২০১৯**

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**

**জাতীয় রাজস্ব বোর্ড**

**[ মূল্য সংযোজন কর ]**

**আদেশ**

তারিখ : ২৪ মাঘ ১৪২৫ বঙ্গাব্দ/০৬ ফেব্রুয়ারি ২০১৯ খ্রিস্টাব্দ

**বিষয় : বাংলাদেশ প্রিমিয়ার লীগ (বিপিএল টি২০)-২০১৯ এর খেলাসমূহ দেশে-বিদেশে সরাসরি টেলিভিশনে সম্প্রচারের লক্ষ্যে বাংলাদেশ ক্রিকেট বোর্ডের প্রোডাকশন ব্যয়ের উপর সরকার কর্তৃক আরোপিত মূল্য সংযোজন কর (মূসক) মওকুফকরণ।**

**নং ০৮.০১.০০০০.০৬৮.২১.০০৩.১২/৫০**—যেহেতু, বাংলাদেশ ক্রিকেট বোর্ড (বিসিবি) কর্তৃক আয়োজিত বাংলাদেশ প্রিমিয়ার লীগ (বিপিএল টি২০) ক্রিকেট বিশ্বে একটি জনপ্রিয় ক্রীড়া প্রতিযোগিতা ও উহার সহিত দেশের ভাবমূর্তি জড়িত এবং বাংলাদেশ ক্রিকেট বোর্ড এ খেলাসমূহ দেশ-বিদেশে সরাসরি টেলিভিশনে সম্প্রচারের দায়িত্ব গ্রহণ করিয়াছে—যাহা বাংলাদেশের ক্রিকেট ও দেশের জন্য গৌরবের ও সম্মানের; এবং

যেহেতু, এই টুর্নামেন্ট থেকে আয়লব্ধ অর্থ ক্রিকেটের অবকাঠামোগত উন্নয়নসহ সার্বিক উন্নয়নে ভূমিকা রাখিবে এবং টিভি সম্প্রচারে আরো নতুন প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে টুর্নামেন্টটিকে বহির্বিশ্বে আরো আকর্ষণীয় করিয়া উপস্থাপন করা সম্ভব হইবে;

সেহেতু, জাতীয় রাজস্ব বোর্ড, মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর ধারা ১৪ এর উপ-ধারা (২) এ প্রদত্ত ক্ষমতাবলে, বাংলাদেশ প্রিমিয়ার লীগ (বিপিএল টি২০)-২০১৯ এর খেলাসমূহ দেশে-বিদেশে সরাসরি টেলিভিশনে সম্প্রচারের লক্ষ্যে বাংলাদেশ ক্রিকেট বোর্ডের নিজস্ব তত্ত্বাবধানে প্রোডাকশন ব্যয় বাবদ M/S Real Impact Pvt. Ltd. India কে পরিশোধযোগ্য নীট ১০,৩৬,০৩৪ (দশ লক্ষ ছত্রিশ হাজার চৌত্রিশ) মার্কিন ডলার হইতে প্রযোজ্য মূল্য সংযোজন কর (মূসক) নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে অব্যাহতি প্রদান করিল :

**শর্তাবলী** :

(ক) বাংলাদেশ প্রিমিয়ার লীগ (বিপিএল টি২০)-২০১৯ এর আয়োজন উপলক্ষ্যে বাংলাদেশ ক্রিকেট বোর্ড (বিসিবি) কর্তৃক পরিশোধযোগ্য শুধুমাত্র সম্প্রচার ব্যয়ের ক্ষেত্রে এই অব্যাহতি সুবিধা প্রযোজ্য হইবে;

(খ) সম্প্রচার বাবদ M/S Real Impact Pvt. Ltd. India কে পরিশোধযোগ্য অর্থের যাবতীয় হিসাব বিবরণী বিসিবি কর্তৃক সংশ্লিষ্ট মূল্য সংযোজন কর কমিশনারেটকে অর্থ পরিশোধের দশ (১০) দিনের মধ্যে অবহিত করিতে হইবে; এবং

(গ) সম্প্রচার কার্যক্রম ব্যতীত M/S Real Impact Pvt. Ltd. India কর্তৃক বাংলাদেশের অভ্যন্তরে গৃহীত অন্যকোন সেবা বা পণ্য সরবরাহ গ্রহণের ক্ষেত্রে এই অব্যাহতি প্রযোজ্য হইবে না।

০২। উপরি-উক্ত শর্তাবলী সঠিকভাবে প্রতিপালিত না হইলে প্রযোজ্য মূল্য সংযোজন কর আইনানুগ পন্থায় আদায়যোগ্য হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

**হাছান মুহম্মদ তারেক রিকাবদার**
প্রথম সচিব (মূসক নীতি)।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd